স্নাতক পাঠক্রম শিক্ষাবর্ষান্ত পরীক্ষা

ডিসেম্বর, ২০১৮ ও জুন, ২০১৯

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (Bengali)

তৃতীয় পত্র

Kabya : Prachin O Adhunik : EBG-3

সময় ঃ চার ঘণ্টা

পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) ''কা আ তরুবর পঞ্চ বি ডাল।'' — পদটি কার রচনা ? এই পদের বাচ্যার্থ ও গূঢ়ার্থ আলোচনা করুন।

(খ) কৃত্তিবাসের রামায়ণের 'অরণ্যকাণ্ড'-এ যুদ্ধাদি বর্ণনার মধ্যে কোন্ যুদ্ধটি কেন আকর্ষক হয়ে উঠেছে — সে সম্পর্কে আলোচনা করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(গ) 'মেঘনাদবধ' কাব্যে'র ষষ্ঠ সর্গে বর্ণিত মেঘনাদের শৌর্য-বীর্যের পরিচয় দিন।

(ঘ) 'নারী' কবিতায় নজরুল পুরুষের অনুদার মনোভাবের কঠোর সমালোচনা ও নারীর অধিকার প্রতিষ্ঠার দাবি যেভাবে তুলে ধরেছেন তা বিশ্লেষণ করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'রাধাবিরহ' অংশটি প্রক্ষিপ্ত কি না তথ্যসহ বিচার করুন।

(খ) ''রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর।।''

উদ্ধৃতিটি কোন্ পদকর্তার ? এটি কোন্ পর্যায়ের পদ ? সপ্রসঙ্গ পদটি বিশ্লেষণ করুন। ২ + ২ + ৮

(গ) বৃন্দাবন দাসের 'চৈতন্যভাগবত'-এর ঐতিহাসিক গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(ঘ) কাব্যের আঙ্গিক বিচারে ছন্দ খুব গুরুত্বপূর্ণ বিষয় কেন ? এ সম্পর্কে বিশদ আলোচনা করুন।

(ঙ) 'সোনার তরী' কবিতাটির ভাববস্তু বিশ্লেষণ করে নামকরণের সার্থকতা বিচার করুন।

(চ) 'ভিখিরী' কবিতায় মানুষের জীবন ও মূল্যবোধের যে অবক্ষয় সূচিত হয়েছে, তার পরিচয় দিন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ১০০ শব্দে) ঃ

৬ × ৪ = ২৪

(ক) চর্যাপদের ভাষাকে 'সন্ধ্যাভাষা' কেন বলা হয় ?

(খ) ভাষাতাত্ত্বিক টীকা লিখুন :

দিঢ়, বেঢ়িল, চিখিল (চর্যাপদ);

দহ, কাহ্ন, সুরুজ (শ্রীকৃষ্ণকীর্তন)।

(গ) ''কোন চিন্তা না করিহ সম্বর ক্রন্দন।
জানকীরে উদ্ধারিবে মারিয়া রাবণ।।''

কে, কাকে, কখন কথাটি বলেছে ? বক্তার এ কথা বলার কারণ কী ? ১ + ১ + ১ + ৩

(ঘ) 'পঞ্চবটী বন' ও 'পম্পা নদী'র রূপ বর্ণনা করুন।

৩ + ৩

(ঙ) শোককাব্য (Elegy)-এর পরিচয় দিন।

(চ) ''গতি যার নীচসহ, নীচ সে দুর্মতি।''

— কার উদ্দেশ্যে কার উক্তি ? একথা বলার কারণ ব্যাখ্যা করুন। ১ + ১ + ৪

(ছ) 'দেব না তোমাকে অকিঞ্চনের অসম্মান' — বক্তা কে ? কাকে বলেছেন ? কেন বলেছেন ? বক্তার শেষ পরিণতি কী হয়েছে তা আলোচনা করুন।

১ + ১ + ১ + ৩

(জ) জীবনানন্দ দাশের 'বিড়াল' কবিতাটিকে অনেকে সুর-রিয়ালিস্ট কবিতা বলেন — এ সম্পর্কে আপনার বক্তব্য সংক্ষেপে লিখুন।